# জুনিয়র স্কুল সার্টিফিকেট পরীক্ষা, (সকল বোর্ড) ২০১৬

## গার্হস্থ্য বিজ্ঞান

বিষয় কোড : | 1 | 5 | 1 |

## সৃজনশীল প্রশ্ন

সময়—২ ঘণ্টা ২০ মিনিট মান— ৬০

[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। নিচে উল্লিখিত উদ্দীপকগুলো মনোযোগসহ পড়ে সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যেকোনো ছয়টি প্রশ্নের উত্তর দিতে হবে।]

১। রুনা, লুনা ও সুমি তিন বান্ধবী মিলে ছাত্রীদের আবাসিক হোস্টেলের একটি কক্ষে থাকে। প্রতিদিন খবরের কাগজ এলে তিনজনই ভাগাভাগি করে পড়ে। লুনার শব্দ চয়ন ও উপস্থাপন চমৎকার। যেকোনো বিশেষ সংবাদ লুনা পড়ে অন্যরা মনোযোগ দিয়ে শোনে। রুনার ঠাণ্ডাজনিত সমস্যা থাকায় সে বৈদ্যুতিক পাখা থেকে দূরের খাটটি বেছে নেয়। অপরদিকে সুমির রাত জেগে পড়ার অভ্যাস। তাই সে টেবিল ল্যাম্প ব্যবহার করে পড়াশুনা করে।

ক. বাজেট কী? ১

খ. ভারী কাজের পর হালকা কাজের প্রয়োজনীয়তা ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে রুনা কোন সম্পদের ব্যবহার করেছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. তুমি কী মনে কর যৌথ সম্পদ ব্যবহারে লুনা ও সুমির সিদ্ধান্তটি যথার্থ? সপক্ষে যুক্তি দাও। ৪

২। অষ্টম শ্রেণিতে পড়ুয়া জেনি নুডুল্স রান্না করতে গেলে অসাবধানতায় ওড়নায় আগুন লেগে যায় এবং হাতের অনেক অংশ পুড়ে যায়। অন্যদিকে জেনির ভাই রাব্বি বন্ধু জসিমের সাথে বাড়ির পেছনের ঝোপ-জঙ্গলে হাঁটছিল। হঠাৎ রাব্বির পায়ে এক ধরনের কামড়ের ব্যথা অনুভব করে। তাকিয়ে দেখে ব্যথার জায়গার ‘ঃ’ চিহ্নটি ফুটে উঠেছে। বন্ধু জসিম তাড়াতাড়ি উক্ত চিহ্নিত স্থানের উপরে ও নিচে কাপড় দিয়ে শক্ত করে বাঁধে এবং পরে রাব্বিকে ডাক্তারের কাছে নিয়ে যায়।

ক. নাড়ির গতি কাকে বলে? ১

খ. কোন ধরনের দুর্ঘটনা ডাক্তারের কাছে না গিয়েই সারিয়ে তোলা যায়? ব্যাখ্যা কর। ২

গ. জেনি কোন ধরনের দুর্ঘটনার শিক্ষার? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে রাব্বির ক্ষেত্রে জসিমের পদক্ষেপটি মূল্যায়ন কর। ৪

৩। তনিমা স্কুল থেকে বাসায় ফিরে এলে শরীরে জ্বরজ্বর ভাব অনুভব করে। রাতে শরীরের তাপমাত্রা তীব্র বেড়ে যায়। তনিমার মা থার্মোমিটার দিয়ে কয়েকবার তাপমাত্রা মেপে দেখেন, বিভিন্ন সময়ে তাপমাত্রা বিভিন্ন হচ্ছে। পরদিন ডাক্তারের কাছে গেলে ডাক্তার শরীরের তাপমাত্রা নির্ণয় করে

http://teachingbd.com

রেকর্ড করতে বলেন এবং রোগীর শারীরিক যত্নে ক্যালরিবহুল ও সহজপাচ্য খাবার দিতে পরামর্শ দেন।

ক. শিশু ও বয়স্ক রোগীরা কোন ধরনের খাবার সহজে হজম করতে পারে? ১
খ. রোগীর মানসিক যত্নের প্রয়োজনীয়তা ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে তনিমার শরীরের তাপমাত্রা রেকর্ড করার কারণ ব্যাখ্যা কর ৩
ঘ. উদ্দীপকে তনিমার শারীরিক যত্নে ডাক্তারের পরামর্শের যৌক্তিকতা পাঠ্যপুস্তকের আলোকে বিশ্লেষণ কর। ৪

৪। শ্রমিক মর্জিনার দুই সন্তান আলেয়া ও সজিব। সাত বছর বয়সী আলেয়ার গত ৩–৫ দিন যাবৎ সর্দি-কাশি ও সামান্য জ্বরসহ হাত-পা অবশ হয়ে আসছে। হাঁটতে বললে কান্নাকাটি করে। অপরদিকে সজিব স্যাঁতসেঁতে জায়গায় খালি পায়ে খেলাধুলা করে। ইদানীং তার খাবারে অরুচি দেখা দিয়েছে। এ অবস্থা দেখে সজিবের খালা তাকে স্যান্ডেল পরতে বলেন এবং মলমূত্র ত্যাগের পর সাবান দিয়ে হাত ধুতে বলেন।

ক. টিটি টিকা কোন রোগ থেকে রক্ষা করে? ১
খ. ইপিআই -এর গুরুত্ব ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে আলেয়া কোন রোগে আক্রান্ত? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে সজিবের রোগ প্রতিরোধে খালার পরামর্শটি মূল্যায়ন কর। ৪

৫। রোজির নয় বছর বয়সী মেয়ে শৈলি স্কুলের অন্যান্য মেয়েদের মতো নয়। শৈলির অন্যদের প্রতি তেমন কোনো আগ্রহ নেই, একই কাজ বার বার করে। শৈলিকে দিয়ে তার মা ছোটখাটো কাজ করানোর চেষ্টা করেন এবং সে অনুযায়ী কিছুটা কাজ করতেও পারেন। রোজি মেয়ের এতটুকু উন্নতিতে যথেষ্ট সন্তুষ্ট। রোজি ভাবে মেয়েটি কী পারে না, এটা বড় কথা নয়, কী পারে এটাই বড়। অপরদিকে রোজির তিন বছরের মেয়ে ইরা শৈলির কাজগুলো গুছিয়ে দেয়। শৈলির পড়াগুলো ইরাই বেশি আয়ত্ত করে নেয় এবং যেকোনো সমস্যার সমাধান করার চেষ্টা করে।

ক. বুদ্ধ্যাঙ্ক কাকে বলে? ১
খ. পানিশূন্যতা রোধের উপায় ব্যাখ্যা কর। ২
গ. ইরা কোন ধরনের শিশু উদ্দীপকের আলোকে ব্যাখ্যা কর। ৩
ঘ. শৈলির মায়ের ভাবনাটি কি যুক্তিসংগত? বিশ্লেষণ কর। ৪

৬। পাঁচ বছর বয়সী চঞ্চল প্রকৃতির মেয়ে সঞ্চিতা সারাক্ষণ খেলাধুলা ও ছোটাছুটি করতে থাকে। তার মা প্রতি বেলায় খাবারের সাথে ডিম, মাংস, দুধ ও মিষ্টিজাতীয় খাবার বেশি খেতে দেয়। অপরদিকে সঞ্চিতার নবম শ্রেণিতে পড়ুয়া ভাই রোহান টিফিনে প্রায়ই পরোটা, চকলেট, আইসক্রিম, সফট ড্রিংকস খায়। সে যতক্ষণ বাসায় থাকে ততক্ষণ শুয়ে শুয়ে বই পড়ে। ফলে রোহানের ওজন দিন দিন বেড়ে যাচ্ছে এবং অল্প একটু হাঁটার পরেই ক্লান্ত হয়ে পড়ে।

http://teachingbd.com

ক. কোন বয়সের শিশুদের বিদ্যালয়গামী শিশু বলা হয়? ১
খ. ১০০০ দিনের পুষ্টি বলতে কী বোঝায়? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে সঞ্চিতার মতো বয়সী শিশুদের পুষ্টি চাহিদা ব্যাখ্যা কর। ৩
ঘ. রোহানের সুস্থতায় কম ক্যালরিবহুল ও নিয়মতান্ত্রিক জীবনযাপনই উত্তম– কথাটির তাৎপর্য মূল্যায়ন কর। ৪

৭। রিচি শীতকালে গ্রামে নানুর বাড়িতে বেড়াতে গেলে সকালে ঘুম থেকে উঠে দেখে নানু বড় হাঁড়িতে পানি দিয়ে তাপ দিচ্ছে এবং পানির তাপের সাহায্যে পিঠা তৈরি করছে। দুপুরে রিচি দেখে তার বড় মামি অল্প তেলে ঢাকনা ছাড়াই সবজি ভেজে রান্না করছে। আবার বিকাল বেলায় দেখে খালামনি ডুবো তেলে পেঁয়াজি ও নিমকি ভাজছে। রিচি অল্প তেলে ও বেশি তেলে খাদ্য তৈরি নিয়ে বেশ চিন্তিত হয়ে পড়ে।

ক. স্বাস্থ্যসম্মত খাবার প্রস্তুতকরণ ও পরিবেশনের পূর্বশর্ত কী? ১
খ. রান্না বলতে কী বোঝায়? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে রিচির নানুর খাদ্য তৈরির পদ্ধতিটি ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে রিচির দেখা অল্প তেলে ও বেশি তেলে খাদ্য তৈরিতে পুষ্টিমূল্যের পার্থক্য নিরূপণ কর। ৪

৮। নীলা মার্কেটে গিয়ে নিজের জন্য ভয়েল ও লংক্লথ কাপড় কিনে। ছোট ভাই রাসেলের জন্য জিন্সের দুটি প্যান্ট কিনে আনে। প্যান্টটি খুব পছন্দ হওয়ায় সে সারাক্ষণ পরে থাকে। তবে প্যান্টটি পরিষ্কার করার ক্ষেত্রে তার কোনো আগ্রহ থাকে না।

ক. সুতা কী? ১
খ. কম্বিং ব্যবহার করা হয় কেন? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে নীলার জন্য কেনা জামাটি কোন বুননের তৈরি? ব্যাখ্যা কর। ৩
ঘ. রাসেলের ব্যবহৃত পোশাকটি পরিষ্কারের ক্ষেত্রে কতটুকু সহজসাধ্য– বিশ্লেষণ কর। ৪

৯। সোমা তার বান্ধবী মাহির জন্মদিনের অনুষ্ঠানে যাওয়ার জন্য একটি পোশাক কিনতে একদরের দোকানে যায়। দোকানে যেয়ে দোকানদারকে তার গায়ের মাপ যেমন– কাঁধ-১২", বুক-৩২", লম্বা-৩৮" বললে দোকানদার উক্ত মাপের বিভিন্ন ডিজাইনের পোশাক দেখান। সোমা নিজের পছন্দমতো একটি জামা কিনে আনে।

ক. রিলিং কাকে বলে? ১
খ. লিনেনের সুতা মিহি করার জন্য কী করা প্রয়োজন? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে সোমার একদরের দোকানে যাওয়ার কারণ ব্যাখ্যা কর। ৩
ঘ. পোশাক ক্রয়ে সোমার পদক্ষেপটির যথার্থতা মূল্যায়ন কর। ৪

http://teachingbd.com

# জুনিয়র স্কুল সার্টিফিকেট পরীক্ষা, (সকল বোর্ড) ২০১৬

## গার্হস্থ্য বিজ্ঞান

বিষয় কোড : 151

সময়—৪০ মিনিট

বহুনির্বাচনি অভীক্ষা

মান—৪০

[বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রের প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে সঠিক উত্তরের বর্ণটিতে টিক (✓) চিহ্ন দাও। প্রতিটি প্রশ্নের মান ১। সকল প্রশ্নের উত্তর দিতে হবে।]

১. কোনটি বস্তুগত সম্পদ?
ক) শক্তি খ) বুদ্ধি গ) অর্থ ঘ) আগ্রহ

২. কোনটি জীবাণুনাশক দ্রব্য?
ক) তুলা খ) স্টিচিং
গ) ডেটল ঘ) ব্যান্ডেজ

৩. সংকুচিত পদ্ধতিতে পানি থেকে উঠানোর পর কাপড় কীভাবে শুকাতে দিতে হয়?
ক) চেপে খ) ঝেড়ে
গ) নিংড়িয়ে ঘ) পানি ঝরিয়ে

৪. মেয়েদের দেহের কোন হরমোনের ক্ষরণ ডিম্বাশয়কে পূর্ণতা দেয়?
ক) গ্রোথ খ) পিটুইটারি
গ) ইস্ট্রোজেন ঘ) গোনাডোট্রপিক

৫. নয় মাস পূর্ণ হলে শিশুকে কোন টিকা দিতে হয়?
ক) টিটি টিকা খ) হামের টিকা
গ) বিসিজি টিকা ঘ) ওপিভি টিকা

৬. শিশুর শরীরের তাপমাত্রা ১০৫° ফা. হলে কোন লক্ষণটি দেখা যায়?
ক) অজ্ঞান হয়ে যায়
খ) জিভ ও ঠোঁট শুকিয়ে যায়
গ) মেজাজ খিটমিটে হয়
ঘ) চোখে কোটরাগত হয়

৭. ১১—১৫ বছর বয়সের শিশুদের দ্রুত বর্ধন বজায় রাখার জন্য কোন জাতীয় খাদ্য গুরুত্বপূর্ণ?
ক) প্রোটিন খ) কার্বোহাইড্রেট
গ) খনিজ লবণ ঘ) ভিটামিন

৮. কোনটি শীতকালীন সবজি?
ক) লাউ খ) ঝিঙা
গ) পটল ঘ) মিষ্টিকুমড়া

৯. সামুদ্রিক মাছ কোন রোগের প্রতিরোধক?
ক) ডায়রিয়া খ) রাতকানা
গ) হাবাগোবা ঘ) রক্তস্বল্পতা

■ নিচের উদ্দীপকটি পড়ে ১০ ও ১১নং প্রশ্নের উত্তর দাও :
সপ্তম শ্রেণিতে পড়ুয়া লায়লার বাবা-মা তার বিবাহ দেওয়ার ব্যবস্থা করে। লায়লা বাবা-মাকে বুঝাতে চেষ্টা করে সে আরও লেখাপড়া করবে এবং বড় হবে।

১০. লায়লার বিবাহ আইনসম্মত না হওয়ার কারণ তার বয়স—
ক) ১৮ বছরের নিচে খ) ১৮ বছরের উপরে
গ) ২১ বছরের নিচে ঘ) ২১ বছরের উপরে

১১. লায়লার পদক্ষেপে প্রকাশ পায়—
i. প্রস্তাব প্রত্যাখ্যানের
ii. বিয়ে প্রতিরোধের
iii. সামাজিক প্রতিবন্ধকতা দূরকরণ
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

১২. মাদকাসক্ত ব্যক্তির ক্ষেত্রে নৈতিক অবক্ষয় কোনটি?
ক) অবসাদ খ) বিষণ্ণতা
গ) মিথ্যা বলা ঘ) উগ্র আচরণ

১৩. কোনটি অধিক তাপে সিদ্ধ করা হয়?
ক) ডিম খ) সুপ গ) পুডিং ঘ) কাস্টার্ড

১৪. Blanching-এর জন্য সবজিকে কত মিনিট ফুটন্ত পানিতে ফুটাতে হয়?
ক) ০৫—১০ মি. খ) ১০—১৫ মি.
গ) ১৫—২০ মি. ঘ) ২০—২৫ মি.

১৫. মাংসকে ডিপফ্রিজের বরফ চেম্বারে কত ডিগ্রি সে. হিম ঠান্ডায় জমিয়ে ৬/৭ মাস রাখা যায়?
ক) ০° সে. থেকে – ২° সে.
খ) –২° সে. থেকে – ৫° সে.
গ) –৫° সে. থেকে – ১০° সে.
ঘ) –১৮° সে. থেকে – ৪০° সে.

১৬. তন্তু থেকে সুতা তৈরির সর্বশেষ পর্যায় কোনটি?
ক) নিটিং খ) বন্ডিং গ) স্পিনিং ঘ) থ্রোয়িং

১৭. ঢেঁকিছাঁটা চালে কোন ভিটামিন থাকে?
ক) ভিটামিন 'এ' খ) ভিটামিন 'বি'
গ) ভিটামিন 'সি' ঘ) ভিটামিন 'ডি'

১৮. কোন বুননের কাপড় সচরাচর ব্যবহার উপযোগী নয়?
ক) টুইল খ) স্যাটিন
গ) তেরছা ঘ) সাদাসিধা

১৯. স্যাটিন বুননের কাপড় কীরূপ দেখায়?
ক) মসৃণ খ) খসখসে
গ) কোণাকুণি ঘ) মোচড়ানো

২০. শরীরের ওজন বেশি হলে কোন খাবারটি বাদ দেওয়া উচিত?
ক) রুটি খ) মাছ গ) খিচুড়ি ঘ) টক ফল

Teachingbd.com

■ নিচের উদ্দীপকটি পড়ে ২১ ও ২২নং প্রশ্নের উত্তর দাও :
সাত বছর বয়সী চঞ্চল প্রকৃতির রায়না প্রতিদিন স্কুলে চিপস, ঝালমুড়ি ও ফুসকা খায়। বাড়ি ফিরে খাবার খেতে চায় না। মাছ, মাংস, ডিম ও দুধ খেতে অনীহা প্রকাশ করে। ফলে তার ওজন দিন দিন কমে যাচ্ছে।

২১. রায়নার ক্ষেত্রে কোন সমস্যাটি দেখা দিতে পারে?
ক) হৃদরোগ খ) পিত্তথলির পাথর
গ) রক্তচাপ বেড়ে যাওয়া ঘ) মেধাশক্তির হ্রাস

২২. রায়নার সুস্থতায় প্রয়োজন –
i. পর্যাপ্ত ঘুম
ii. খেলাধুলা করা
iii. ক্যালরিবহুল খাদ্য
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii

২৩. কোন পদ্ধতিতে রান্নার ফলে বাতাসের সংস্পর্শে খাদ্যের পুষ্টিমূল্য নষ্ট হয়?
ক) টালা খ) পোড়ানো
গ) অল্প তেলে ভাজা ঘ) ডুবো তেলে ভাজা

২৪. কব্জির ঘেরের মাপকে কী বলে?
ক) পুট খ) ঝুল গ) মৌরি ঘ) মহুরি

২৫. অল্প জায়গায় অনেক মানুষের আপ্যায়ন করা যায় কোন পরিবেশের মাধ্যমে?
ক) ট্রে খ) বুফে
গ) আনুষ্ঠানিক ঘ) অনানুষ্ঠানিক

২৬. পোশাকের লেবেলের মাধ্যমে কোনটি জানা যায়?
ক) স্টিচিং খ) ফিটিং গ) মূল্য ঘ) ফিনিশিং

২৭. কোন কাপড়ে ময়লা পড়লে সহজে বোঝা যায়?
ক) জিন্স খ) ড্রিল
গ) লংক্লথ ঘ) গ্যাবার্ডিন

২৮. কোন বয়সের ছেলেমেয়েদের পোশাক নির্বাচনে মত প্রকাশের স্বাধীনতা দেওয়া হয়?
ক) ৪–৬ বছর খ) ৭–৮ বছর
গ) ৯–১১ বছর ঘ) ১১–১৫ বছর

২৯. কাপড় ছাঁটার আগে সাধারণত কয়টি পদ্ধতিতে কাপড় প্রস্তুত করা হয়?
ক) দুটি খ) তিনটি গ) চারটি ঘ) পাঁচটি

৩০. খিঁচুনি ও চেহারায় অস্বাভাবিকতা কোন রোগের লক্ষণ?
ক) মাম্পস খ) উচ্চজ্বর
গ) টাইফয়েড ঘ) ডায়রিয়া

৩১. অর্থের সাশ্রয় এবং শরীরের ওজন কমায়–
ক) সফট ড্রিংকস খ) আইসক্রিম
গ) ডাবের পানি ঘ) চকলেট

■ নিচের উদ্দীপকটি পড়ে ৩২ ও ৩৩নং প্রশ্নের উত্তর দাও :
শ্রমিক রহিম মিয়া বাজার থেকে সাদা ময়দা ও রান্নার গুঁড়া মশলা এবং মাংস কিনে আনে। রুটি ও মাংস খেতে যেয়ে কণা কণা দাঁতে লাগে।

৩২. রহিম মিয়ার কেনা ময়দায় সাদাভাব আনতে কোনটি ব্যবহার করা হয়েছে?
ক) ইউরিয়া খ) কার্বাইড
গ) ইথোফেন ঘ) কৃত্রিম পাউডার

৩৩. উদ্দীপকের খাদ্যগুলোর ভেজাল বর্জনে করণীয়–
i. গণসচেতনতা বৃদ্ধি করা
ii. যথাযথ আইন প্রয়োগ করা
iii. ভেজালবিরোধী প্রচারণা বাড়ানো
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

৩৪. কোন ধরনের পোশাক পরলে মানুষ কাজে স্বাচ্ছন্দ্যবোধ করে ও সম্মান পায়?
ক) ঢিলেঢালা
খ) জাঁকজমকপূর্ণ
গ) তুলনামূলকভাবে দামি ও বৈচিত্র্যময়
ঘ) পেশা ও সামাজিক মর্যাদা অনুযায়ী

৩৫. অটিজমের ক্ষেত্রে মেয়ে ও ছেলেশিশুর অনুপাত প্রায় কত?
ক) ১ : ২ খ) ১ : ৩
গ) ১ : ৪ ঘ) ১ : ৫

৩৬. পোশাক তৈরির পূর্বে কাপড় কাটার আগে কী তৈরি করে নিতে হয়?
ক) চূড়ান্ত নকশা খ) মূল ড্রাফট
গ) ড্রেপিং পদ্ধতি ঘ) প্যাটার্ন ড্রাফটিং

■ নিচের উদ্দীপকটি পড়ে ৩৭নং প্রশ্নের উত্তর দাও :
মর্জিনা পঞ্চম সন্তান প্রসব করার পর তার গায়ের রং ও নখ ফ্যাকাশে দেখায় এবং অল্প পরিশ্রমেই ক্লান্ত হয়ে যায়।

৩৭. মর্জিনার মধ্যে কোন রোগের লক্ষণ প্রকাশ পেয়েছে?
ক) রিকেট খ) পেলেগ্রা
গ) বেরিবেরি ঘ) রক্তস্বল্পতা

৩৮. কোনটি কৈশোরকালীন বয়স?
ক) ১০/১১ – ১৪/১৫ খ) ১০/১১ – ১৬/১৮
গ) ১০/১১ – ১৮/১৯ ঘ) ১০/১১ – ১৯/২০

৩৯. হামের রোগীকে তরল খাবার দেওয়ার কারণ–
i. সহজে যেন খেতে পারে
ii. পরিমাণে বেশি গ্রহণ করতে পারবে
iii. গলার ভেতর যেন আটকে না যায়
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

৪০. কিডনি রোগে কোন খাদ্য উপাদানের পরিমাণ কমাতে হয়?
ক) প্রোটিন খ) কার্বোহাইড্রেট
গ) ভিটামিন ঘ) স্নেহ পদার্থ

## উত্তরমালা

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | গ | ২ | গ | ৩ | খ | ৪ | ঘ | ৫ | খ | ৬ | ক | ৭ | ক | ৮ | ক | ৯ | গ | ১০ | ক | ১১ | ঘ | ১২ | গ | ১৩ | খ | ১৪ | ক | ১৫ | ঘ | ১৬ | গ | ১৭ | খ | ১৮ | খ | ১৯ | ক | ২০ | গ |
| ২১ | ঘ | ২২ | খ | ২৩ | খ | ২৪ | ঘ | ২৫ | খ | ২৬ | গ | ২৭ | গ | ২৮ | ঘ | ২৯ | খ | ৩০ | খ | ৩১ | গ | ৩২ | ঘ | ৩৩ | ঘ | ৩৪ | ঘ | ৩৫ | গ | ৩৬ | ক | ৩৭ | ঘ | ৩৮ | গ | ৩৯ | খ | ৪০ | ক |

Teachingbd.com